



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

নুসরাত হত্যার দৃষ্টান্তমূলক শান্তির দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ



১৬ এপ্রিল, ২০১৯-মঙ্গলবার সকাল ১১ ঘটিকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে নুসরাত হত্যার দৃষ্টান্তমূলক শান্তির দাবীতে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রানী সরকারের সভাপতিত্বে মানববন্ধন ও প্রতিবাদ সভাটি অনুষ্ঠিত হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উক্ত সভায় অংশগ্রহণ করেন। সভাটির সঞ্চালনা করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ও প্রক্টর অধ্যাপক ড. নূর মোহাম্মাদ।